

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
কুমিল্লা জেলা কার্যালয়, কুমিল্লা  
www.dncrp.comilla.gov.bd

‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭’ ও মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মার্চ ২০১৮ তারিখের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩-এ  
বর্ণিত ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কিত স্পষ্টীকরণ’-এর আলোকে এ জেলা কার্যালয়ের কর্মকর্তা  
কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব মো: আছাদুল ইসলাম

সহকারী পরিচালক

তারিখঃ ২৯ মে ২০১৯

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থানঃ কুমিল্লা জেলা কার্যালয়, কুমিল্লা

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

১। এস, এম, শাহরিয়ার রহমান। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটিটর, এলজিএসপি-৩, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুমিল্লা  
জেলা কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের বর্ণিত নীতিমালা ও শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কিত  
স্পষ্টীকরণ সংক্রান্ত স্মারকপত্র অনুসরণে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। সরকারী কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রনয়ন  
করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা  
গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী এ কার্যালয়ের গ্রেড ১১ হতে ২০ ভুক্ত  
কর্মচারীদের মধ্য হতে জনাব মোসা: ফরিদা ইয়াছমিন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের  
সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মো: আছাদুল ইসলাম)

সহকারী পরিচালক

ও

সভাপতি, শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি

নম্বর : ২৬.০৪.০০০০.৩০৪.০১৮.০০১.১৯-৪৬

তারিখ : ২৯ মে ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা

২। উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪। জনমর্ব এস, এম, শাহরিয়ার রহমান। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটিটর, এলজিএসপি-৩, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

৫। অফিস কপি

(মো: আছাদুল ইসলাম)

সহকারী পরিচালক

ফোন: ০৮১-৭৩৯৩৮

ad-comilla@dncrp.gov.bd